

একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
বাগমারা, রাজশাহী।

স্মারক নং- ০৫.৪৩.৮১১২.০০০.১২.০০৫.২৩-৭১

তারিখ : ২৮ পৌষ, ১৪২৯ বঙ্গাব্দ  
১২ জানুয়ারি, ২০২৩ খ্রিঃ

রাজশাহী জেলাধীন বাগমারা উপজেলার ২০ একর পর্যন্ত  
বন্ধ জলমহাল/খাসপুকুর সমূহের ইজারা বিজ্ঞপ্তি

ভূমি মন্ত্রণালয়ের ১৮/১২/২০২২ খ্রিস্টাব্দের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯ (অংশ-২)-৪৮ নং প্রজ্ঞাপনে জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী ২০ একর পর্যন্ত বন্ধ জলমহাল ইজারার জন্য অনলাইনে (jm.lams.gov.bd) আবেদন দাখিলের বিধান প্রবর্তন করা হয়েছে। এরই প্রেক্ষিতে রাজশাহী জেলার আওতাধীন বাগমারা উপজেলার ৩৩১ (তিনশত একত্রিশ) টি বন্ধ জলমহাল ১ বৈশাখ ১৪৩০ বঙ্গাব্দ হতে ৩০ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে নিবন্ধিত ও প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি কর্তৃক অনলাইনে ইজারার আবেদন দাখিলের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। সে প্রেক্ষিতে বাগমারা উপজেলা থেকে সাধারণ আবেদনে ১৪৩০ বঙ্গাব্দে জলমহালের ইজারা ব্যবস্থাপনা নির্ধারিত বর্ষ পঞ্জিকার (Calendar Year) মধ্যে নিষ্পন্ন করার লক্ষ্যে নিম্নবর্ণিত সিডিউল অনুযায়ী কার্যক্রম গ্রহণ করা হবে।

ক্রমিক নং	তারিখ	গৃহীত কার্যক্রম
১.	০১ মাঘ থেকে ০৫ মাঘের মধ্যে	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় কর্তৃক বিজ্ঞপ্তির মাধ্যমে সাধারণ আবেদনে জলমহাল ইজারার আবেদন আহ্বান
২.	০৬ মাঘ থেকে ২৫ মাঘের মধ্যে	জেলা প্রশাসক, রাজশাহী (এস.এ শাখা) মহোদয়ের কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসার এবং সহকারী কমিশনার (ভূমি), বাগমারা, রাজশাহী এর কার্যালয় হতে ৫০০/- টাকায় (অফেরৎযোগ্য) দরপত্র/আবেদনপত্র অফিস চলাকালীন সময়ে ক্রয় সাপেক্ষে অনলাইনে আবেদন দাখিল। দরপত্র/আবেদন ফরমে বর্ণিত শর্তাবলীসহ সর্বশেষ সরকারি পরিপত্র/নীতিমালা অনুসরণ প্রযোজ্য হবে।
৩.	২৬ মাঘ থেকে পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে	অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল।
৪.	০৬ ফাল্গুনের মধ্যে	অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ এবং দাখিলকৃত প্রিন্টেড কপি যাচাই-বাছাই।
৫.	১৫ ফাল্গুনের মধ্যে	উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন ও অনুমোদন।
৬.	২৯ ফাল্গুনের মধ্যে	ইজারা অনুমোদনের জন্য জেলা প্রশাসক বরাবর প্রেরণ (প্রযোজ্য ক্ষেত্রে) এবং জেলা প্রশাসন কর্তৃক অনুমোদন।
৭.	০৭ চৈত্রের মধ্যে	উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইজারাদেশ প্রদান ও ইজারাগ্রহীতাকে অবহিতকরণ।
৮.	২৩ চৈত্রের মধ্যে	ইজারাগ্রহীতা কর্তৃক নির্ধারিত কোডে সাকুল্যে ইজারামূল্য ও অন্যান্য করাদি জমা প্রদান এবং ইজারাগ্রহীতার সাথে চুক্তি সম্পাদন।
৯.	১ বৈশাখ	ইজারা গ্রহীতাকে জলমহালের দখল বুঝিয়ে দেয়া।

উল্লেখ্য যে, ইজারা বিজ্ঞপ্তি এবং জলমহালের তালিকা সংশ্লিষ্ট ওয়েবসাইটে (bagmara.rajshahi.gov.bd) পাওয়া যাবে।

আরও উল্লেখ্য, বিজ্ঞপ্তির যে কোন শর্তাবলী সংযোজন/বিয়োজন/বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

(এ,এফ,এম, আবু সুফিয়ান)  
উপজেলা নির্বাহী অফিসার

ও

আহবায়ক

উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি।

বাগমারা, রাজশাহী।

ফোন নং- ০২৫৮৮৮৬৯৫০১

email: unobagmara@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
বাগমারা, রাজশাহী।

স্মারক নং- ০৫.৪৩.৮১১২.০০০.১২.০০৫.২৩-৭৯(৪৫)


তারিখ : ২৮ পৌষ, ১৪২৯ বঙ্গাব্দ  
১২ জানুয়ারি, ২০২৩ খ্রিঃ

সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। মাননীয় সংসদ সদস্য, ৫৫ রাজশাহী-৪ (বাগমারা) ও উপদেষ্টা-১, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, বাগমারা, রাজশাহী।
- ২। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
- ৩। জেলা প্রশাসক, রাজশাহী।
- ৪। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), রাজশাহী।
- ৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপদেষ্টা-২, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, বাগমারা, রাজশাহী।
- ৬। উপজেলা নির্বাহী অফিসার.....(সকল), রাজশাহী।
- ৭। মেয়র, ভবানীগঞ্জ/তাহেরপুর পৌরসভা, বাগমারা, রাজশাহী।

অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের জন্য অনুরোধসহ অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ৮। সহকারী কমিশনার (ভূমি), বাগমারা, রাজশাহী।
- ৯। উপজেলা..... কর্মকর্তা, বাগমারা, রাজশাহী।
- ১০। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী। [বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ]
- ১১। চেয়ারম্যান ..... ইউ,পি (সকল), বাগমারা, রাজশাহী। [তাকে বিজ্ঞপ্তিটি তাঁর ইউনিয়নধীন হাট-বাজার সমূহে ঢোল শহরতের মাধ্যমে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ জানানো হলো।]
- ১২। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ..... ইউনিয়ন ভূমি অফিস, ভবানীগঞ্জ/তাহেরপুর/ একডালা/বৃকুৎসা/বড়বিহানালী/হাটমাধনগর/হাটগাঙ্গোপাড়া, রাজশাহী। [তাকে বিজ্ঞপ্তিটি তাঁর তহশিলের আওতাধীন হাট-বাজার সমূহে ঢোল শহরতের মাধ্যমে ব্যাপক প্রচারান্তে জারীর কপি দরপত্র দাখিলের পূর্বেই নিম্নস্বাক্ষরকারীর অফিসে প্রেরণের জন্য বলা হলো।]
- ১৩। সভাপতি/সম্পাদক..... মৎস্যজীবী সমবায় সমিতি, বাগমারা, রাজশাহী।
- ১৪। সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার, ..... , রাজশাহী। তাঁকে উল্লিখিত বিজ্ঞাপনটি তার পত্রিকায় ভিতরের পাতায় স্বল্প(ন্যূনতম) পরিসরে এক দিনের জন্য প্রচারের নিমিত্ত অনুরোধ করা হলো।
- ১৫। নোটিশ বোর্ড (সকল), বাগমারা, রাজশাহী।
- ১৬। অফিস কপি।

  
(এ,এফ,এম, আবু সুফিয়ান)  
উপজেলা নির্বাহী অফিসার

ও

আহবায়ক

উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি।  
বাগমারা, রাজশাহী।

ফোন নং- ০২৫৮৮৮৬৯৫০১

E-mail: unobagmara@mopa.gov.bd